গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৪১.১৮.০০৮.২১-৬৯

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮
১০ মার্চ ২০২২

**বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় দিবস উদযাপন/পালন সংক্রান্ত পরিপত্রে 'রেল দিবস' অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় দিবস উদযাপন/পালন সংক্রান্ত পরিপত্রে 'রেল দিবস' অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভা ০১/০৩/২০২২ তারিখ রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনামতে ৫ পৃষ্ঠা।

১০/০৩/২০২২

(আ.স.ম. আশরাফুল আলম)
উপসচিব
☎ +৮৮০২৪১০৫০২৪৪
admin6@mor.gov.bd

**বিতরণ:** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক সড়ক বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/সেতু বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী ঢাকা-১২১২।
০২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৩। মহাপরিচালক-২ (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
০৪। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৫। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, হাউজ নং-১২/সি, রোড নং ১০৫, গুলশান-২, ঢাকা।
০৬। যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
০৮। অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/অপারেশন/অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৯। মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১০। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।
১১। প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১৩। চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১৪। চেয়ারম্যান, পরিবেশ বাঁচাও আন্দোলন, বাড়ী ৫৮/১, ১ম লেন, কলাবাগান, ঢাকা-১২০৫।
১৫। সাধারণ সম্পাদক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন, ৯/১২ ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
১৬। সভাপতি, যাত্রী অধিকার সংরক্ষণ পরিষদ, ৭৪ কাকরাইল (৪র্থ তলা), রমনা, ঢাকা।
১৭। জনাব সাইফুদ্দিন আহমেদ, নির্বাহী পরিচালক, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট (ডাব্লিউবিবি ট্রাস্ট), ১৪/৩/এ জাফরাবাদ, রায়ের বাজার, ঢাকা-১২০৭।

**অনুলিপি:**

০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা *(রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় দিবস উদযাপন/পালন সংক্রান্ত পরিপত্রে 'রেল দিবস' অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ০১ মার্চ ২০২২ |
| সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং-৯৩০), রেলপথ মন্ত্রণালয়। |

**সভার উপস্থিতি:**

সভায় রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণ, যুগ্মসচিব (বাজেট/অডিট ও আইসিটি), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি), মহাব্যবস্থাপক (পূর্ব), সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের যুগ্ম মহাপরিচালক (অপারেশন), রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ, এএসপি, রেলওয়ে পুলিশ, চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, উপসচিব, সেতু বিভাগ, সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, এবং ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট এর প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা:**

২.১ সভাপতি বিভিন্ন মন্ত্রণালয় হতে আগত অতিথিবৃন্দ, সংশ্লিষ্ট অংশীজনসহ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ১৮৬২ সালের ১৫ নভেম্বর চুয়াডাঙ্গা জেলার দর্শনা থেকে কুষ্টিয়া জেলার জগতি পর্যন্ত ৫৩.১১ কি: মি: ব্রডগেজ রেল লাইনে রেল চলাচলের মাধ্যমে বাংলাদেশ ভূখন্ডে রেল পরিষেবা শুরু হয়ে পর্যায়ক্রমে বিকশিত হচ্ছে যা বাংলাদেশের ইতিহাস ও ঐহিহ্যের অংশ। তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রে একটি বার্ষিক ইভেন্ট হিসেবে ১০ মে শনিবারের কাছাকাছি সময়ে রেল দিবস পালন করা হয়। এদিন সরকারি ছুটি পালন করা হয় এবং রেলের ইতিহাস ও ঐতিহ্য জনসাধারণকে অবহিত করা হয়। তিনি বাংলাদেশ রেলের ইতিহাস ও ঐতিহ্য, উন্নয়ন, জনসেবা, পরিস্কার-পরিচ্ছন্নতা, টিকিট কালোবাজারী, ট্রেনে ঢিল ছোঁড়া প্রতিরোধ ইত্যাদি প্রচারণা ও জনসচেতনাতা বৃদ্ধির লক্ষ্যে 'রেল দিবস' কে জাতীয় দিবস হিসেবে ঘোষণা করা একান্ত জরুরি ও গুরুত্বপূর্ণ মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন 'রেল দিবস' জাতীয় দিবস হিসেবে ঘোষণা করা হলে দিবসটি প্রাতিষ্ঠানিক রূপ লাভ করবে এবং বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে জনসাধারণ, বেসরকারী প্রতিষ্ঠান, সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে দিবসটি উদযাপন করার ক্ষেত্র তৈরি হবে এবং রেলের উন্নয়ন ও সেবা সম্পর্কে জনসাধারণ সম্যক ধারণা লভে সক্ষম হবে।

২.২ অতিরিক্ত সচিব (প্রশাসন) প্রারম্ভিক বক্তব্যে বলেন, ১৫ নভেম্বর 'রেল দিবস' উদযাপন/পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে অদ্য মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, বাংলাদেশ রেলওয়ে যাত্রীসেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে এবং রেলকে নিয়ে মানুষের আগ্রহের যেমন শেষ নেই তেমনি প্রত্যাশাও অনেক। তিনি ১৫ নভেম্বর 'রেল দিবস' 'জাতীয় দিবস' হিসেবে ঘোষণা করা যৌক্তিক বলে মনে করেন। প্রসংগক্রমে তিনি বলেন, রেল দিবসে বছরভিত্তিক একটি নির্ধারিত প্রতিপাদ্য বিষয়কে এককেটি উন্নয়নের কনসেপ্ট/থিম হিসেবে বিবেচনায় নিয়ে রেলের উন্নয়নের অগ্রযাত্রাকে তরান্বিত করা সম্ভব হবে। মতবিনিময়ের পূর্বে তিনি রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬) কে সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২.৩ রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-৬) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, রেল ঐতিহাসিকভাবে ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। যে অঞ্চলের উপর দিয়ে রেল চলাচল করে সে এলাকার জনগণের রেলকেন্দ্রিক জীবন ব্যবস্থা গড়ে উঠে। রেল সামাজিক বিবর্তন ও অর্থনৈতিক অগ্রযাত্রায় অসামান্য অবদান রেখে চলেছে। তিনি বাংলাদেশ রেলওয়ের পটভূমি, বাংলাদেশ রেলওয়ের প্রশাসনিক কাঠামো, শ্রেণিভিত্তিক রেলওয়ে স্টেশন, রেলওয়ে কারখানা, রেলওয়ের শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি সম্পর্কে তথ্য উপস্থাপন করেন। ১৫ নভেম্বর 'রেল দিবস' হিসেবে জাতীয় দিবস ঘোষণা করতে হলে মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত শর্ত সমূহ সভায় অবহিত করেন।

২.৪ অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) বলেন, 'রেল দিবস' পালন একটি ভাল উদ্যোগ এবং এর ফলে রেলের কার্যক্রম সম্পর্কে জনগণের নিকট তুলে ধরার সুযোগ সৃষ্টি হবে।

২.৫ মহাব্যবস্থাপক (পূর্ব) বলেন, নির্দিষ্ট দিনে 'রেল দিবস' পালন করা হলে সকলের নিকট রেলকে উপস্থাপনের ব্যবস্থা হবে।

২.৬ যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) বলেন, রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নির্দেশনায় বাংলাদেশ রেলওয়ে ১৫ নভেম্বর, ২০২০ তারিখে সর্বপ্রথম "রেল দিবস-২০২০" পালন করা হয়। তিনি বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনদের নিয়ে রেল দিবসের সাথে রেল সপ্তাহ ও রেল নিরাপত্তা দিবস পালন করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন।

২.৭ সিনিয়র প্রজেক্ট ম্যানেজার, ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ ট্রাস্ট বলেন, 'রেল দিবস' পালনে বেসরকারী প্রতিষ্ঠানের সমর্থন রয়েছে। তিনি 'রেল দিবস' পালনে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।

২.৮ উপসচিব (প্রশাসন), সেতু বিভাগ বলেন, বাংলাদেশ রেলওয়ে একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। 'রেল দিবস'-কে জাতীয় দিবস হিসেবে পালনে সেতু বিভাগের সমর্থন রয়েছে। 'রেল দিবস'-কে জাতীয় দিবসে পরিণত করার জন্য সেতু বিভাগ সম্মিলিতভাবে রেলপথ মন্ত্রণালয়ের সাথে কাজ করবে মর্মে অভিমত ব্যক্ত করেন।

২.৯ উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বলেন, দেশের জনগণের যাতায়াতের চাহিদা একা সড়ক পরিবহনের পক্ষে নির্বাহ করা সম্ভব নয়। সড়ক পরিবহনের সাথে বাংলাদেশ রেলওয়ে জনগণের এ পরিবহন চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে এবং 'রেল দিবস'-কে জাতীয় দিবস হিসেবে পালনে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের পূর্ণ সমর্থন রয়েছে।

২.১০ সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ বলেন, 'রেল দিবস'-কে জাতীয় দিবসে রূপান্তর করার প্রয়োজনীয়তা রয়েছে। 'রেল দিবস'-কে জাতীয় দিবস হিসেবে পালনে স্থানীয় সরকার বিভাগের সমর্থন রয়েছে। 'রেল দিবস'-কে জাতীয় দিবসে পরিণত করার জন্য স্থানীয় সরকার বিভাগের সকল প্রকার সহযোগিতা থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

২.১১ সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর বলেন, 'রেল দিবস' পালনের সময় ২০২১ এর মাস্টার প্ল্যান, রেলের সম্প্রসারণ, উন্নয়ন, বিনা টিকিটে রেল ভ্রমণের ক্ষতিকারক দিক ইত্যাদি সম্পর্কে জনগণকে অবহিত করার সুযোগ সৃষ্টি হবে মর্মে উল্লেখ করেন।

৩. বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **১৫ নভেম্বর জাতীয়ভাবে রেল দিবস উদযাপন :**<br><br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় দিবস উদযাপন/পালন সংক্রান্ত পরিপত্রে ১৫ নভেম্বরকে 'রেল দিবস' হিসেবে অন্তর্ভুক্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দিবসটির ইতিহাস ও ঐতিহ্য বিবেচনায় "খ" শ্রেণির জাতীয় দিবস হিসেবে ঘোষণা ও উদযাপনের বিষয়ে সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় দিবস উদযাপন/পালন সংক্রান্ত পরিপত্রে ১৫ নভেম্বরকে "খ" শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে 'রেল দিবস'-কে অন্তর্ভুক্তকরণ ও উদযাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয় |

৪. অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৭/২০২২

**(ড. মো: হুমায়ুন কবীর)**
**সচিব**
**রেলপথ মন্ত্রণালয়**

**পরিশিষ্ট-ক**

| | | |
|---|---|---|
| **সভার বিষয়** | ঃ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় দিবস উদযাপন/পালন সংক্রান্ত পরিপত্রে 'রেল দিবস' অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরণী |
| **সভার সভাপতি** | ঃ | ড. মো: হুমায়ুন কবীর, সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| **সভার তারিখ, সময় ও স্থান** | ঃ | ০১ মার্চ ২০২২; বিকাল ০৩:০০ ঘটিকায়; যমুনা সভাকক্ষ (কক্ষ নং ৮২৫), রেলপথ মন্ত্রণালয়। |

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

**রেলপথ মন্ত্রণালয় :**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব প্রনব কুমার ঘোষ, অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১৬৬০ |
| ০২। | ড. ভুবন চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১৬৫৮ |
| ০৩। | জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী, যুগ্ম সচিব (বাজেট অধিশাখা) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-১৬৯১১৫৭ |
| ০৪। | জনাব হাসান মাহমুদ, যুগ্ম সচিব (অডিট ও আইসিটি অধিশাখা) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১২-০৮৫২৬৪ |
| ০৫। | জনাব আ.স.ম আশরাফুল আলম, উপসচিব (প্রশাসন-৬) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭১-৫০০৪৬৪৬ |
| ০৬। | মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭৩ |
| ০৭। | জনাব মুহাম্মদ মাহবুব হক, সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব) | রেলপথ মন্ত্রণালয় | ০১৭৫-৫৫০০৪৭০ |

**অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ :**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: আনোয়ারুল নাসের, উপসচিব (প্রশাসন) | সেতু বিভাগ | ০১৭৩-২৫৯২৩২১ |
| ০২। | জনাব নীলিমা আফরোজ, উপসচিব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০১৭৬-৮২৭৬৫৬০ |
| ০৩। | জনাব শাফিয়া আক্তার শিমু, সিনিয়র সহকারী সচিব | স্থানীয় সরকার বিভাগ | ০১৮১-৫২৫৭৭৫০ |

**রেলওয়ে পুলিশ:**

| | | | |
|---|---|---|---|
| ০১। | জনাব রোজ আহম্মেদ, এএসপি | রেলওয়ে পুলিশ | ০১৩২-০১৭৮৬১৬ |

**বাংলাদেশ রেলওয়ে:**

| ক্রমিক | নাম ও পদবি | কর্মস্থল | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক (পূর্ব), চট্টগ্রাম | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৫৩০৮ |
| ০২। | জনাব এ.কে.এম আব্দুল্লাহ আল বাকী, অতি: মহাপরিচালক (এমএন্ডসিপি) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৫ |
| ০৩। | জনাব রশিদা সুলতানা, যুগ্ম মহাপরিচালক (অপারেশন) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১১৮ |
| ০৪। | ডা: ইবনে সফি আব্দুল আহাদ, প্রধান চিকিৎসা কর্মকর্তা (পূর্ব) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২২ |
| ০৫। | জনাব মো: জহিরুল ইসলাম, চীফ কমান্ডেন্ট, আরএনবি (পূর্ব) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৪ |
| ০৬। | জনাব মো: আশাবুল ইসলাম, চীফ কমান্ডেন্ট, আরএনবি (পশ্চিম) | বাংলাদেশ রেলওয়ে | ০১৭১-১৫০৬১২৫ |

**রেলপথ পরিদর্শন অধিদপ্তর:**

| | | | |
|---|---|---|---|
| ০১। | জনাব মো: রমজান আলী, সরকারি রেল পরিদর্শক | রেলপথ পরিদর্শন অধিদপ্তর | ০১৭১-১৫০৫৭১৫ |

**অংশীজন:**

| | | | |
|---|---|---|---|
| ০১। | জনাব জিয়াউর রহমান, সিনিয়র প্রজেক্ট ম্যানেজার | ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ | ০১৮১-৭০৪৬৪৮৬ |